দৈনিক জনকণ্ঠ

তারিখ JUL 2 1999
পৃষ্ঠা ৩ কলাম ১

# সরকারী উদ্যোগে রবীন্দ্র ইনস্টিটিউট স্থাপনের প্রস্তুতি চলছে

হাসান হাফিজ ॥ সরকারী উদ্যোগে রবীন্দ্র ইনস্টিটিউট প্রতিষ্ঠা করা হচ্ছে। চলতি অর্থ বছরেই ('৯৯-২০০০) এই প্রতিষ্ঠান গড়ার কাজ অনেকটা এগিয়ে যাবে; এই ইনস্টিটিউট স্থাপনের অর্থ সংস্থান করা হবে নতুন বাজেটের থোক বরাদ্দ থেকে। সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের দায়িত্বশীল একটি সূত্র জনকণ্ঠকে জানান, প্রধানমন্ত্রী শেখ হাসিনার অভিপ্রায় ও নির্দেশ অনুসারে রবীন্দ্র ইনস্টিটিউট প্রতিষ্ঠার কাজে হাত দেয়া হয়েছে। এখন চলছে প্রকল্প সারপত্র (পিসিপি) প্রণয়নের কাজ। প্রস্তাবিত ইনস্টিটিউটের জন্য জমি খোঁজার কাজও চলছে। রাজধানী ঢাকার সেগুনবাগিচায় বাংলাদেশ শিল্পকলা একাডেমীর আশপাশে সন্ধান করা হচ্ছে জমি। এক একরের মতো জায়গা দরকার হবে নিদেনপক্ষে এক বিঘা হলেও কাজ চলবে।

সূত্র জানান, বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুরের কালজয়ী সাহিত্য ও সঙ্গীত বিষয়ে প্রাতিষ্ঠানিক চর্চা, গবেষণা বিশেষত রবীন্দ্র সঙ্গীত বিষয়ে প্রশিক্ষণ প্রদান হবে এ প্রতিষ্ঠানটির মূল উদ্দেশ্য। এটির কাঠামো তৈরি করা হবে নজরুল ইনস্টিটিউটের আদলে। ভবিষ্যতে ভারতের পশ্চিমবঙ্গের শান্তিনিকেতন ও বিশ্বভারতীর সঙ্গে এই প্রতিষ্ঠানের সম্পর্ক স্থাপন করা হবে বলে আশা করা হচ্ছে। রবীন্দ্র সাহিত্য ও সঙ্গীত বিষয়ে উচ্চতর ডিগ্রী প্রদানের সম্ভাব্যতা যাচাইও এর উদ্দেশ্য হবে। প্রস্তাবিত রবীন্দ্র ইনস্টিটিউটে শান্তিনিকেতনের হুবহু অনুকৃতি হবে না তবে এই প্রতিষ্ঠানে প্রায় একই রকমের কার্যক্রম অনুসৃত হতে পারে। রবীন্দ্র সাহিত্য ও সঙ্গীত বিষয়ে আগ্রহী বা বিশেষজ্ঞ বিদেশী নাগরিকরাও এ প্রতিষ্ঠানে সম্পৃক্ত হতে পারবেন।

সূত্র আরও জানান, রবীন্দ্র ইনস্টিটিউট স্থাপনের কর্ম পরিকল্পনা প্রণয়নের কাজ এখন প্রাথমিক পর্যায়ে রয়েছে। সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের প্ল্যানিং সেল প্রকল্প স্মারপত্রটি তৈরি করছে। উচ্চতর প্রশিক্ষণ বা ডিগ্রী দেয়ার ব্যাপারে রবীন্দ্র ইনস্টিটিউটকে ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত করা যায় কিনা সে বিষয়টিও পর্যালোচনা করে দেখা হবে।

উল্লেখ্য, দেশের সরকারী বিশ্ববিদ্যালয়গুলোতে পাঠ্যক্রমে রবীন্দ্র সাহিত্য অন্তর্ভুক্ত রয়েছে। কিন্তু শুধুই রবীন্দ্রনাথ বিষয়ে স্পেশালাইজড পড়াশোনা করবার কোন প্রতিষ্ঠান বাংলাদেশে নেই। বেসরকারী উদ্যোগে রবীন্দ্র সঙ্গীত চর্চার কিছু সংস্থা সংগঠন দীর্ঘকাল ধরে কাজ করে যাচ্ছে। রবীন্দ্র সাহিত্য চর্চার জন্যও বেসরকারী সংস্থা সংগঠন রয়েছে। এদের মধ্যে রবীন্দ্র চর্চা কেন্দ্র ও রবীন্দ্র অধ্যয়ন চক্রের কথা উল্লেখ করা যায়।